

**চবিতে ছাত্রলীগের  
 দু'গ্রুপে ধাওয়া  
 পাল্টা ধাওয়া**

■ চবি প্রতিনিধি  
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আ.জ.ম. নাসির সমর্থিত ছাত্রলীগের দু'গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয় শাহ আমানত হলের ভেতর এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, নগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আ.জ.ম. নাসির উদ্দিনের অনুসারী ছাত্রলীগের যুগ্ম সম্পাদক দিয়াজ ইরফরান চৌধুরী ও উপ-দপ্তর সম্পাদক ইমাদ আহমেদ সাহিলের অনুসারীদের মধ্যে কথা কাটাকাটি হয়। হলে বহিরাগত রাখা নিয়ে দু'পক্ষের মধ্যে এ ঘটনা ঘটে। এক পর্যায়ে দা-কিরিচ হাতে দু'পক্ষ ধাওয়া-পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। এ সময় পুলিশ ও প্রক্টরিয়াল বডি এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সিরাজ উদদৌলা সমকালকে বলেন, দু'পক্ষের মধ্যে উত্তেজনা দেখা দিলে পুলিশ ও প্রক্টরিয়াল বডির হস্তক্ষেপে দু'পক্ষই শান্ত হয়।